



উপজেলা পরিক্রমা নেত্রকোনা সদর

নেত্রকোনা, ১৭ এপ্রিল (সংবাদদাতা)।— নেত্রকোনা সদর উপজেলার উত্তরে কলমাকান্দা ও দুর্গাপুর উপজেলা, পশ্চিমে পূর্বধলা উপজেলা, দক্ষিণে ইম্বরগঞ্জ ও কেন্দুয়া উপজেলা, পূর্বে আটপাড়া ও ঝারহাটা উপজেলা অবস্থিত।

আয়তন ১২১ বর্গমাইল, পৌরসভা ১টি, ইউনিয়ন ১১টি ও গ্রাম/মহল্লা ৩৭১টি এবং ২৫১টি মৌজা নিয়ে গঠিত অত্র উপজেলা।

১৯৮১ সালের আদমশুমারী গণনা মতে নেত্রকোনা সদর উপজেলার মোট লোক সংখ্যা ২,০৩,৫৪০ জন, পুরুষ ১,০৫,৫৯২ জন ও মহিলা ৯৭,৯৪৮ জন।

যোগাযোগ

নেত্রকোনা জেলার যোগাযোগ অন্যান্য জেলার মত উন্নত নয়। নেত্রকোনা সদর উপজেলায় পাকা রাস্তা আর এণ্ড এইচ ৫ মাইল। পাকা রাস্তা ডিসি ৫ মাইল, আধা পাকা রাস্তা আর এণ্ড এইচ সাড়ে পাঁচ মাইল। আধা পাকা রাস্তা ডিসি ৫ মাইল। কাঁচা রাস্তা আর এণ্ড এইচ সাড়ে ছয় মাইল। কাঁচা রাস্তা ডিসি ২৭ মাইল। কাঁচা রাস্তা ডিসি ৫৭ মাইল, কাঁচা রাস্তা ইউসি ১৬৫ মাইল রয়েছে। নদী পথ ৩০ বর্গমাইল। রেলপথ ১১ মাইল। রেলস্টেশন ৫টি, খাল-নালা ৪০ মাইল ও সেতু কালবার্ট ৬৯টি রয়েছে।

শিক্ষা ব্যবস্থা

নেত্রকোনা সদর উপজেলায় শতকরা শিক্ষার হার পুরুষ ২৩% মহিলা ১৫% রয়েছে। অত্র উপজেলায় প্রশিক্ষণ উন্নয়ন কেন্দ্র ১টি, কমিউনিটি সেন্টার ১১টি, পাবলিক হল ১টি, প্রাথমিক বিদ্যালয় ৮৬টি, মাধ্যমিক বিদ্যালয় ১৬টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ২টি, মহাবিদ্যালয় ৪টি, মাদ্রাসা ২৪টি, পিটিআই ১টি, ভিটিআই ১টি রয়েছে। পাঠাগার ২টি,

হেলথ সাব সেন্টার ৩টি, এতিমখানা ২টি, (একটি সরকারী) শিল্পকলা একাডেমী ১টি, মহিলা হস্ত শিল্প ৪টি, সেলাই শিক্ষা কেন্দ্র ২টি, মসজিদ ৩০৯টি, মন্দির ২১টি ও গীর্জা ১টি রয়েছে।

হাট-বাজার

নেত্রকোনা সদর উপজেলায় মোট ৩৮টি হাট-বাজার রয়েছে। তার মধ্যে ৪টি বড় বাজার রয়েছে। ঠাকুরাকোনা একটি আঞ্চলিক ও আবাসিক ব্যবসা কেন্দ্র। এখান থেকে রেল পথে ও নদীপথে বিভিন্ন মাল দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আনি-নেয়া হয়ে থাকে। এখানকার প্রধান ফসল ধান, পাট, তামাক, সরিষা, কলাই, ডাল, আলু ইত্যাদি। অধিকাংশ বাজারগুলোতে গরু, ছাগল, হাঁস-মোরগ বেচা-কেনা হয়ে থাকে।

কৃষি ব্যবস্থা

নেত্রকোনা সদর উপজেলায় মোট জমির পরিমাণ ৭৭,৪৪০ একর। কৃষি জমির পরিমাণ ৫১,৩৯৪ একর। চাষের উপযোগী জমির পরিমাণ ৫২৪ একর। এক ফসলী জমির পরিমাণ ১২,৩২০ একর। দু'ফসলী জমির পরিমাণ ৩৭,০১২ একর ও তিন ফসলী জমির পরিমাণ ২,০৬২ একর। কৃষি পরিবার ২৩,৯৮৫টি। ব্রকের সংখ্যা ৩৫টি রয়েছে। পাওয়ার পাম্প ২০৫টি, অগভীর নলকূপ ৫৮২টি, গভীর নলকূপ ১০০টি ও স্বাস্থ্য নলকূপ ১,১৪৮টি রয়েছে।

চিকিৎসা

নেত্রকোনা সদর উপজেলায় আধুনিক হাসপাতাল ১টি, দাতব্য চিকিৎসালয় ২টি, পরিবার কল্যাণ কেন্দ্র ২টি, পরিবার পরিকল্পনা ক্লিনিক ৭টি রয়েছে। অত্র উপজেলায় পরিবার পরিকল্পনার কার্যক্রম অগ্রতির দিকে রয়েছে। তার মধ্যে পুরুষ ১৩০ জন ও মহিলা ২৬৪ জন।